সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া

সুনাম ও সততার

সঙ্গে

বিশেষত্ব বজায় রেখেছে

**পণ্ডিত-প্রেস**

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সকল প্রকার ছাপার কাজের

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান


Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২১শে আষাঢ় বুধবার, ১৩৭৩ ইং 6th July 1966 { ৮ম সংখ্যা




সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, স্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

**সাইকেল ও সাইকেল পার্টস এর**

নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান

**সুলভ ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ ।

জঙ্গিপুর সংবাদ

২১শে আষাঢ় বুধবার সন ১৩৭৩ সাল।

## গোগাড়ী পারাপারে ভীষণ অসুবিধা

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর এলাকায় ভাগীরথী নদী পারাপারের জন্য দুইটী খেয়াঘাট আছে। ঘাট ভাঙ্গিয়া যাওয়ায় সদর ঘাটে গোগাড়ী পারাপার হয় না। ডোমপাড়া ঘাটে ভাল ফরাস না থাকায় গোগাড়ী পারাপারে গাড়োয়ানদের ভীষণ কষ্ট হইতেছে। প্রতি মুহূর্ত্তে গাড়ীর ধুরি ভাঙ্গিবার আশঙ্কা আছে। রেশন ডিলারদের জিনিস বহন করার জন্য গোগাড়ী অধিক পরিমাণে পারাপার হইতেছে। অচিরে এই অসুবিধা দূর করার জন্য কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

---

## রিক্সা চালকদের জুলুম

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর উভয় পারে অনেকগুলি রিক্সা চলাচল করে। বহু বিশিষ্ট ভদ্রলোক ও ভদ্রমহিলার অভিযোগ :—জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে নামিবার পর শহর বা নিকটস্থ পল্লীতে যাওয়ার জন্য রিক্সা ভিন্ন অন্য কোন যানবাহন থাকে না। রিক্সা চালকদের বুলি হইল গাড়ী 'রেজাভ আছে'। বিদেশী লোক দেখলে ১ টাকা থেকে পাঁচ সিকা ভাড়া চেয়ে বসে এবং জুলুম করে আদায় করে। শহরের হোমড়া চোমড়া ব্যক্তিদের কাছে ভাড়া বাদে বকশিশ দাবী করে। এক কথায় "নরমের ব্যাঘ্র গরমের কেঁচো"। এদের দুর্ব্ব্যবহার দিন দিন বেড়ে উঠছে। প্রতিকার কে করবে ঠাওর করতে না পেরে জনসাধারণ কিংকর্ত্তব্যবিমূঢ় হ'য়েছেন।

---

## অন্নপূর্ণা

॥ সু—মো—দে ॥

অন্নপূর্ণা বঙ্গজননী
বঙ্গে অন্ন নাই,
নর অসুরের সৃজিত অভাবে
নাজেহাল খাবি খাই !
বিধাতা বলিছে ফাটাইয়া গলা,
'চালের বদলে খাও কাঁচকলা'
খাদ্য দাবীতে নুরুল নিধন
লাঠি গ্যাস গুলী পাই ;
অন্নপূর্ণা বঙ্গজননী
বঙ্গে অন্ন নাই !
স্বাগতা দুর্গা অসুরনাশিনী
বরদা অভয়া বিপত্তারিণী,
নর অসুরেরে নাশ কর মাগো
এইটুকু কৃপা চাই ;
অন্নপূর্ণা বঙ্গজননী
বঙ্গে অন্ন নাই !

---

## রসিকতা

বিশুষ্ক চিড়া দ্বারাও যে রস পরিবেশন করা সম্ভবপর, সম্প্রতি রাজ্য সরকার ইহারই একটি নজির স্থাপন করিয়াছেন। গত সপ্তাহে খাদ্য দপ্তর ঘোষণা করিয়াছে কলিকাতায় চলতি সপ্তাহে রেশন দোকান হইতে চিড়া বিক্রয় করা হইবে। মূল্য কিলো প্রতি ১ টাকা ১০ পয়সা। ধান চাউলের উপর সরকারী নিয়ন্ত্রণ শুরু হইবার পর হইতেই চিড়ার বাজার দর উর্দ্ধমুখী। ইহার বর্ত্তমান দর প্রতি কিলো ৪ টাকা। সুতরাং ১ টাকা ১০ পয়সা মূল্যে চিড়া বিক্রয়ের সংবাদে নাগরিকগণ নিশ্চয়ই পুলক অনুভব করিবেন। কিন্তু এই পুলক নিতান্তই ক্ষণস্থায়ী। উল্লিখিত ঘোষণার উপসংহারে বলা হইয়াছে যে, রেশন গ্রহীতাগণকে সম পরিমাণ রেশনে বরাদ্দ চাউলের বিনিময়েই ঐ চিড়া বিক্রয় করা হইবে।

চিড়া-মুড়ি ভাতের ( চাউলের ) বিকল্প নহে ; অনুপূরক মাত্র। দুই বেলা ভাত ( রুটি ) গ্রহণ করিলেও সকাল ও বিকালে চিড়া-মুড়ি জাতীয় খাদ্য গ্রহণের প্রয়োজনীয়তা শেষ হয় না। বাংলা দেশে কেহ ভাতের বিকল্পে প্রধান খাদ্যরূপে চিড়া গ্রহণ করেন এইরূপ ঘটনা জানা নাই। অতএব বরাদ্দ চাউলের পরিবর্তে রেশনে চিড়া ক্রয়ে নাগরিকগণ উৎসাহিত হইতে পারেন ইহা অকল্পনীয়। বর্ত্তমানে বরাদ্দ রেশনে কোন সুস্থ ব্যক্তিরই সাপ্তাহিক খাদ্য যে সংকুলান হয় না—ইহা রাজ্য সরকারের অজ্ঞাত নহে। সুতরাং চাউলের পরিবর্ত্তে স্বল্প মূল্যে রেশনে চিড়া সরবরাহের রসিকতাটুকু রাজ্য সরকার জুলাই হইতে চালু না করিয়া পয়লা এপ্রিল হইতে চালু করিলেই ষোল-আনা পূর্ণ হইত।

---

## ভেজাল তৈল বিক্রয়ে দণ্ড

ভেজাল সরিষার তৈল বিক্রয়ের অপরাধে জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয়ের এজলাসে নিম্নের দোকানদারগণের অর্থদণ্ড হইয়াছে।

রঘুনাথগঞ্জ থানার—

| | | |
|---|---|---|
| আমিন সেখ, | উমরপুর | ৫০ টাকা |
| পার্ব্বতীচরণ দাস, | জোতকমল | ৬০ ,, |
| অশ্বিনীকুমার সাহা, | সেকন্দরা | ১০০ ,, |

সূতী থানার—

| | | |
|---|---|---|
| ভূপেন্দ্রনাথ সরকার, | অরঙ্গাবাদ | ১০০ ,, |

সমসেরগঞ্জ থানার—

| | | |
|---|---|---|
| অজেদ আলি, | সাঁকোপাড়া | ৫০ ,, |
| জুল্লুর রহমান, | খোদাবন্দপুর | ১০০ ,, |

---

## বর্ষীয়সী মহিলার মৃত্যু

গত ১৭ই আষাঢ় শনিবার রঘুনাথগঞ্জ থানার বাড়ালা গ্রামের স্বর্গীয় মুকুন্দলাল মজুমদার মহাশয়ের কন্যা সরোজিনী দেবী ঠাকুরাণী ৮৮ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। বাড়ালা রামদাস সেন উচ্চ মাধ্যমিক সর্ব্বার্থসাধক বিদ্যালয় স্থাপনের সময় তিনি দেড় বিঘা জমি দান করেন। তাঁহার মৃত্যুতে বিদ্যালয় একদিন বন্ধ দেওয়া হয় এবং শিক্ষক ও ছাত্রগণ শোকপ্রকাশ করিয়া পরলোকগতা আত্মার শান্তি কামনা করেন। তিনি এক পুত্র, পৌত্রাদি ও দৌহিত্রাদি রাখিয়া গিয়াছেন।

## কলকাতায় শতকরা ৩৯টি পরিবারের পায়খানা, রান্নাঘর নেই

কলকাতায় শতকরা ৬১টি মধ্যবিত্ত পরিবার রান্নাঘর, স্নানের ঘর ও পায়খানা—এ তিনের সুবিধা ভোগ করে থাকে। বাকি ৩৯টি পরিবারই এ তিনটির একটি অথবা দুটির সুবিধা থেকে বঞ্চিত। বোম্বাই শহর থেকে অবশ্য কলকাতার অবস্থা ভাল। বোম্বাই, দিল্লি ও মাদ্রাজে যথাক্রমে ঐ তিনটি অত্যাবশ্যকীয় সুযোগ ভোগ করে থাকে শতকরা ৩১ ভাগ, ৬২ ভাগ এবং ৬১ ভাগ। ভারত সরকারের কেন্দ্রীয় পরিসংখ্যান সংস্থার সমীক্ষা অনুসারে এই হিসাব পাওয়া যায়।

---

## জঙ্গিপুর মহিলা সঙ্ঘের কার্য্যকরী কমিটির পুনর্গঠন

নিম্নলিখিত সভ্যাগণকে লইয়া ১৯৬৬ সালে কার্য্যকরী কমিটি গঠিত হইল।

শ্রীমতী মঞ্জুশ্রী মজুমদার—সভানেত্রী, শ্রীমতী শিবানী মুখার্জ্জী—সহ-সভানেত্রী, শ্রীমতী আরতি ব্রহ্ম—সাধারণ সম্পাদিকা, শ্রীমতী মায়া সরকার—সহ-সম্পাদিকা, শ্রীমতী বাসন্তী চট্টোপাধ্যায়—কোষাধ্যক্ষা, শ্রীমতী দীপালি বসু—লাইব্রেরীয়ান, শ্রীমতী অমিয়া ব্যানার্জ্জী—সহ-লাইব্রেরীয়ান

(১) সাহিত্য ও সংস্কৃতি বিভাগ :—

শ্রীমতী বাণী মুখার্জ্জী—সভানেত্রী, শ্রীমতী মীরা দত্ত—সম্পাদিকা, শ্রীমতী গায়ত্রী চট্টোপাধ্যায়—সহ-সম্পাদিকা।

(২) ক্রীড়া বিভাগ :—

শ্রীমতী উষা দত্ত—সভানেত্রী, শ্রীমতী আরতি দেবনাথ—সম্পাদিকা।

(৩) শিল্প বিভাগ :—

শ্রীমতী যোগমায়া রায়—সভানেত্রী, শ্রীমতী অনীতা বসু—সম্পাদিকা।

(৪) কল্যাণ বিভাগ :—

শ্রীমতী অপর্ণা চক্রবর্ত্তী—সভানেত্রী, শ্রীমতী অতসী চট্টোপাধ্যায়—সম্পাদিকা, শ্রীমতী রাজলক্ষ্মী সাহা—সহ-সম্পাদিকা।

---


## ॥ কৃষি সংবাদ ॥

—ঃ বর্ষা শুরু হয়ে গেছে ঃ—

### আমন ধান চাষের জন্য এখনই প্রস্তুতির প্রয়োজন

ভাল বীজ থেকেই ভাল গাছের সৃষ্টি, তাই ভাল ফলন পেতে হলে প্রথমেই চাই ভাল বীজ আর ভাল বীজতলা।

* এ বিষয়ে অতি অবশ্য করণীয় বিষয়গুলি হল :—

—ঃ বীজের ক্ষেত্রে ঃ—

* ভাল বীজ ব্যবহার করুন এবং সেগুলি শতকরা দশভাগ নুন জলে ডুবিয়ে দিন।

* যে সব বীজ জলে ভাসে সেগুলি ফেলে দিন, যেগুলি ডুবে যাবে শুধু সেগুলিই ব্যবহার করুন।

* সীড ড্রেসারে করে এই ভারী বীজগুলির সঙ্গে অ্যাগ্রোসেন জি এন ( ১ কে, জি, বীজে ৩ গ্রাম হিসেবে ) ভালভাবে মিশিয়ে দিন।

* সীড ড্রেসার না থাকলে বালতি ও একটি লাঠি ব্যবহার করে অ্যাগ্রোসেন জি এন মেশান।

—ঃ বীজতলার ক্ষেত্রে ঃ—

* সাধারণত: ২৫´×৪´×৬´´ মাপের উঁচু করে বীজতলা ভালভাবে তৈরী করতে হবে। প্রতি বীজতলার চারদিকে জল নিকাশের এবং চলাফেরার রাস্তা রাখতে হবে। এই রকম মাপের বীজতলার জন্য আধ কে, জি, অ্যামোনিয়াম সালফেট, আধ কে, জি, সুপার ফসফেট এবং ২৫০ গ্রাম মিউরিয়েট অফ পটাশ এক ঝুড়ি কম্পোষ্টের সঙ্গে মিশিয়ে ব্যবহার করুন।

* এই রকম একটি বীজতলায় ২৫০ গ্রাম বীজ বুনে দিন।

* চারা গাছের পনের দিন বয়স হলে একশ গ্রাম "নার্শারি স্প্রে" ২৮ লিটার জলে গুলে এই মাপের দশটি বীজতলায় ছিটিয়ে দিন।

* আগাছা পরিষ্কার করে বীজতলার চারা গাছগুলিকে বাড়তে সাহায্য করুন।

॥ ভুলবেন না ॥

**ভাল বীজ আর বীজতলা থেকে পাওয়া যাবে ভাল চারা আর ভাল চারা থেকে উঠবে ভাল ফসল।**

ডবলু. বি. ( আই. অ্যাণ্ড. পি. আর ) এফ. পি. সি. ( সি. ১৪ ) ১০৪৮০ (৭৩) তথ্য/৬৬





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ**, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

# দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)